Dhaka Power Distribution Company Limited
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
DPDC

# ডিপিডিসি বুলেটিন

বর্ষ: ০৪ | সংখ্যা : ১৫ | পৌষ ১৪২৯ বঙ্গাব্দ | জানুয়ারি ২০২৩ খ্রি.




*ডিপিডিসি'র আওতাধীন এলাকায় আন্ডারগ্রাউন্ড ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক নির্মাণ কাজের উদ্বোধন করেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস*

## ডিপিডিসি'র আওতাধীন এলাকায় আন্ডারগ্রাউন্ড ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক নির্মাণ কাজের উদ্বোধন

ঢাকা শহরকে বৈদ্যুতিক তারের জঞ্জাল থেকে মুক্ত এবং নিরবচ্ছিন্ন ও গুণগত বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে ধানমন্ডি এলাকার ওভারহেড বিদ্যুৎ বিতরণ ব্যবস্থাকে আন্ডারগ্রাউন্ড বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় রূপান্তরের নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে। "ডিপিডিসি'র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় আন্ডারগ্রাউন্ড বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নির্মাণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নির্মাণ কাজের উদ্বোধন করেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস।

ধানমন্ডি এলাকার আন্ডারগ্রাউন্ড বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা আগামী ২৫ বছরের বিদ্যুৎ চাহিদা বিবেচনা করে ডিজাইন করা হয়েছে। ফলে আগামী ২৫ বছরে নতুন সংযোগ ব্যতিত বিদ্যুৎ লাইন নির্মণের জন্য রাস্তা খননের প্রয়োজন হবে না। এছাড়া ওভারহেড বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার ন্যায় আন্ডারগ্রাউন্ড বিতরণ ব্যবস্থায় ঝড়বৃষ্টিতে ব্রেকডাউন বা তার ছিড়ে পড়ে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা বিকল হওয়ার আশঙ্কা নেই।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন 'বৈদ্যুতিক তার যদি না থাকে, তবে বৈদ্যুতিক খুঁটিও কমে যাবে; ফলে তারের জঞ্জাল বা তার লাগানোর সুযোগটাও কমে যাবে। আমরা একটি পরিস্কার-পরিচ্ছন্ন সুন্দর ঢাকা চাই'। তিনি আরও বলেন, 'ঢাকার ভিতরের এই তারের জঞ্জাল যদি আমরা অপসারণ করতে পারি, অচিরেই এই ঢাকা একটি নান্দনিক শহরে রূপ নেবে'।

প্রকল্পের ডিজাইনে ধানমন্ডি এলাকায় চারটি ৩৩/১১ কেভি উপকেন্দ্র হতে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। এখানে বিদ্যুৎ সরবরাহ করা হবে আধুনিক আরএমইউ মাধ্যমে এবং এই আরএমইউ গুলোর মধ্যে আন্তঃসংযোগের ব্যবস্থা রয়েছে ফলে কোন স্থানের আন্ডারগ্রাউন্ড লাইন কাটা পড়লে বা বিকল হলে, ঐ স্থান বাদে বাকি অংশে চালু থাকবে। এবং কোন সমস্যার জন্য বৃহৎ এলাকা বিদ্যুৎ বিহীন অবস্থায় থাকবে না। এখানে অত্যাধুনিক অটোমেশন ও কমিউনিকেশন সিস্টেম অন্তর্ভুক্ত রয়েছে, যা অপটিক্যাল ফাইবারের মাধ্যমে সেন্ট্রাল কন্ট্রোল সিস্টেমের সাথে সংযুক্ত, ফলে আপদকালে অল্প সময়ের মধ্যে ফল্ট সনাক্তকরণ ও বিদ্যুৎ ব্যবস্থা রিস্টোর করা সম্ভব হবে।

ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা-১০ আসনের মাননীয় সংসদ সদস্য শফিউল ইসলাম মহিউদ্দিন এবং বিদ্যুৎ বিভাগের সচিব ও ডিপিডিসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান। এছাড়াও ডিপিডিসি'র বিভিন্ন পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাসহ প্রকল্প সংশ্লিষ্ট সকলে উপস্থিত ছিলেন।



## ১১তম BIID EXPO & DIALOGUE ২০২২ এ ডিপিডিসি'র অংশগ্রহণ




*BIID EXPO & DIALOGUE ২০২২ সেমিনারে বক্তব্য রাখছেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান*

১১তম BANGLADESH INFRASTRUCTURE INNOVATION & DEVELOPMENT EXPO AND DIALOGUE ২০২২-এ ডিপিডিসি সফলতার সাথে অংশগ্রহণ করে। এক্সিবিশনের স্টলে ডিপিডিসি'র বিভিন্ন ডিজিটাল কার্যক্রম প্রদর্শন ও গ্রাহক সেবা প্রদান করা হয়। BIID EXPO & DIALOGUE উপলক্ষ্যে আয়োজিত সেমিনারে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ানসহ অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

## শেখ রাসেলের ৫৯তম জন্মদিন উদযাপন



*শেখ রাসেলের প্রতিকৃতিতে ডিপিডিসি'র শ্রদ্ধাঞ্জলি*

'শেখ রাসেল নির্মলতার প্রতীক, দুরন্ত প্রাণবন্ত নির্ভীক' প্রতিপাদ্য কে সামনে রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের ৫৯তম জন্মদিন উপলক্ষ্যে বিদ্যুৎ ভবনস্থ শেখ রাসেলের প্রতিকৃতিতে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর পক্ষ হতে শ্রদ্ধাস্বরূপ পুষ্পস্তবক অর্পণ করা হয়।

## এপিএ পুরস্কার ২০২১-২২ প্রদান ও লাইব্রেরী উদ্বোধন



*২৭ অক্টোবর ২০২২ ডিপিডিসি'র প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরে লাইব্রেরি উদ্বোধন করেন বিদ্যুৎ সচিব মোঃ হাবিবুর রহমান*

ডিপিডিসি'র ২০২১-২০২২ অর্থবছরের সকল দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) মূল্যায়ন পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ২৭ অক্টোবর ২০২২ খ্রি. কাঁটাবনস্থ ডিপিডিসি'র প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরে অনুষ্ঠিত হয়। কর্মমূল্যায়নের ভিত্তিতে নির্বাচিত ১৬টি দপ্তরকে পুরস্কৃত করেন সম্মানিত সচিব, বিদ্যুৎ বিভাগ ও চেয়ারম্যান, ডিপিডিসি পরিচালনা পর্ষদ মোঃ হাবিবুর রহমান ।




*পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বক্তব্য দিচ্ছেন সম্মানিত সচিব, বিদ্যুৎ বিভাগ ও চেয়ারম্যান, ডিপিডিসি পরিচালনা পর্ষদ মোঃ হাবিবুর রহমান*

ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ডিপিডিসি'র ম্যানেজার/নির্বাহী প্রকৌশলী হতে সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও প্রশিক্ষণ দপ্তরে স্থাপিত ডিপিডিসি'র লাইব্রেরী শুভ উদ্বোধন করেন বিদ্যুৎ বিভাগের সম্মানিত সচিব মহোদয়।

**USAID ও NRELG** এর উদ্যোগে Building Blocks of Electric Vehicle Deployment in Bangladesh শিরোনামে ডিপিডিসি'র প্রশিক্ষণ কেন্দ্রের জিআইএস উপকেন্দ্র ভবনে গত ১৮ অক্টোবর ২০২২ তারিখে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। ডিপিডিসি'র প্রধান প্রকৌশলী থেকে সহকারী প্রকৌশলী (ও সমপর্যায়ের) পর্যন্ত বিভিন্ন পর্যায়ের ২৫ জন কর্মকর্তা এতে অংশগ্রহণ করেন।



*সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান*



এনবিআর ও ডিপিডিসি'র মধ্যে তথ্য বিনিময়ের লক্ষ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

## ডিপিডিসি ও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর মধ্যে সমঝোতা স্মারক অনুষ্ঠিত

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) ও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর মধ্যে তথ্য বিনিময়ের লক্ষ্যে গত ২৭ অক্টোবর ২০২২ খ্রি. তারিখে একটি সমঝোতা স্বাক্ষর অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে এনবিআর চেয়ারম্যান আবু হেনা মোঃ রহমাতুল মুনিম এবং বিদ্যুৎ সচিব মোঃ হাবিবুর রহমান উপস্থিত ছিলেন।

ডিপিডিসি'র পক্ষে কোম্পানি সচিব (উপসচিব) মোঃ আসাদুজ্জামান এবং এনবিআরের পক্ষে সিস্টেম ম্যানেজার ফজলুর রহমান উক্ত সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর চেয়ারম্যান আবু হেনা মোঃ রহমাতুল মুনিম বলেন, সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে পারস্পরিক তথ্য বিনিময় করা হবে। ঢাকা শহরের প্রতিটি ফ্ল্যাট ও বাড়ির মালিকদের আয়কর রিটার্নের আওতায় আনতে চাই। কার কয়টি বাড়ি, ফ্ল্যাট ও ব্যবসা প্রতিষ্ঠান রয়েছে সেই তথ্য জানতে চাই। তাদের করনেটের আওতায় আনতে চাই। সে কারণেই ডিপিডিসি'র সঙ্গে এপিআই করা হয়েছে।

তিনি আরও বলেন, এনবিআর মনে করে ঢাকা শহরে বাড়ি ও ফ্ল্যাটের মালিকের রিটার্ন দাখিলের সক্ষমতা রয়েছে। এদের অনেকেই রিটার্ন দাখিল করেন না, করনেটের বাইরে রয়েছেন। বাড়ি কিংবা ফ্ল্যাটের মালিকের নামেই ডিপিডিসি'র মিটার নির্ধারিত থাকে। তাই ডিপিডিসি'র সঙ্গে পারস্পরিক তথ্য বিনিময় হলে করনেট বৃদ্ধির পাশাপাশি রাজস্ব আয়ও বাড়বে। এক্ষেত্রে ইটিআইএন ডাটাবেইজের তথ্য বিনিময় একটি মাইলফলক হিসেবে কাজ করবে। বিশেষ করে কোম্পানি করদাতাদের ধারণাপ্রসূত কর নিরূপণের পরিবর্তে সঠিক তথ্যভিত্তিক কর নিরূপিত হবে। অযাচিত দায় ও হয়রানি কমবে।

সমঝোতা স্মারক স্বাক্ষর করায় রাজস্ব ব্যবস্থাপনার সুবিধার্থে সব শ্রেণির বিদ্যুৎগ্রাহকের নতুন সংযোগ গ্রহণ এবং পুরাতন সংযোগ বহাল রাখার জন্য করদাতা শনাক্তকরণ সংখ্যার (টিআইএন) সঠিকতা যাচাইয়ের পাশাপাশি করনেট সম্প্রসারণসহ কর নির্ধারণী প্রক্রিয়া সহজ হবে।

বিদ্যুৎ সচিব মোঃ হাবিবুর রহমান বলেন, ডিপিডিসি'র দাপ্তরিক কাজের সুবিধার্থে সকল বিদ্যুৎগ্রাহকের (করদাতা) ইটিআইএন সংক্রান্ত তথ্য সংগ্রহ করা ও যাচাইয়ের জন্য এনবিআরের ইটিআইএন ডাটাবেইজের তথ্য বিনিময়ের লক্ষ্যে দুই সংস্থার একযোগে কাজ করা এবং পারস্পরিক আন্তঃসহযোগিতার বিষয়টি অত্যন্ত সময়োপযোগী। ভবিষ্যতে বিদ্যুৎ বিভাগের অধীন অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গেও সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে।

সমঝোতার ফলে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর পাশাপাশি ডিপিডিসিও লাভবান হবে বলে মন্তব্য করছেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। তিনি বলেন, 'এ চুক্তির ফলে প্রকৃত বিদ্যুতের চাহিদা জানা যাবে। এছাড়াও বিদ্যুতের অপচয় রোধ করা সম্ভব হবে। গ্রাহক কতটুকু বিদ্যুৎ ব্যবহার করছেন, তার তথ্য জানা যাবে।'




উচ্চক্ষমতা সম্পন্ন পাওয়ার ট্রান্সফরমার স্থাপনের কাজ চলছে

## উচ্চক্ষমতা সম্পন্ন পাওয়ার ট্রান্সফরমার স্থাপন

ডিপিডিসি'র জিটুজি প্রকল্পের আওতায় নির্মাণাধীন সিপাহীবাগ (আহমেদ বাওয়ানী) ৩৩/১১ কেভি সাবস্টেশনের সুপার স্ট্রাকচারের নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। ৩৫/৫০ এমভিএ ক্ষমতাসম্পন্ন ২ টি ৩৩/১১ কেভি পাওয়ার ট্রান্সফরমার ওয়্যারহাউজ থেকে সাইটে নিয়ে আসা হয়েছে এবং স্থাপনের কাজ চলছে। উল্লেখ্য, ঢাকা শহরের ভূমির দুষ্প্রাপ্যতা বিবেচনায় উচ্চক্ষমতা সম্পন্ন ৩৫/৫০ এমভিএ ৩৩/১১ কেভি পাওয়ার ট্রান্সফরমার এই প্রথম বাংলাদেশে ডিপিডিসি কর্তৃক স্থাপন করা হচ্ছে। ২০২৩ সালের জুন মাসের মধ্যে উক্ত ৩৩/১১ কেভি উপকেন্দ্র এনার্জাইজেশনের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং সে লক্ষ্যে কাজ চলেছে। উপকেন্দ্রটি নির্মিত হলে ডেমরা থানা, স্টাফ কোয়ার্টার ও পার্শ্ববর্তী এলাকায় নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত হবে।

## পুরাতন মালামাল ব্যবহার করে বিদ্যুৎ উপকেন্দ্র স্থাপন করেছে ডিপিডিসি



কামরাঙ্গীরচর-২ (কুড়ারঘাট) ৩৩/১১ কেভি ২ x ১০/১৪ এমভিএ উপকেন্দ্রটি শুভ উদ্বোধন করেন ডিপিডিসি'র সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ও কর্মকর্তাবৃন্দ

ডিপিডিসি'র সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকনির্দেশনায় কামরাঙ্গীরচর-২ (কুড়ারঘাট) ৩৩/১১ কেভি ২ x ১০/১৪ এমভিএ উপকেন্দ্রটি স্থাপন এবং সচল করা সম্ভব হয়েছে। নিজস্ব প্রকৌশলীদের মাধ্যমে পুরাতন ব্যবহৃত মালামাল ব্যবহার করে প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করে বর্ণিত উপকেন্দ্রটি ডিপিডিসি'র প্রকৌশলীরাই নির্মাণ করেন।

ডিপিডিসি'র আওতাধীন বিভিন্ন উপকেন্দ্র হতে উদ্ধারকৃত মালামালের মাধ্যমে নির্মিত বর্ণিত উপকেন্দ্র চালুর ফলে ১১ কেভি লেভেলে প্রায় ১৪ মেগাওয়াট অতিরিক্ত লোড সরবরাহ করা যাবে। বাকি অংশ-৪র্থ পৃষ্ঠায়



*কেক কেটে নতুন বছরকে বরণ করল ডিপিডিসি'র পরিচালনা পর্ষদ*

## ডিপিডিসি'তে খ্রিস্টীয় নববর্ষ উদযাপন

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)'র প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে কেক কেটে খ্রিস্টীয় ২০২৩ সালকে স্বাগত জানানো হয়। বর্ষবরণ অনুষ্ঠানে ডিপিডিসি'র পরিচালনা পর্ষদ এবং ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান ডিপিডিসি'র সকল কর্মকর্তা-কর্মচারীগণকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে সকলকে একযোগে কাজ করার আহবান জানান।

## নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচ আর) এর বিদায় সংবর্ধনা

ডিপিডিসি'র সাবেক নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচ আর) ও যুগ্মসচিব মোঃ শাহরিয়াজ, পিএএ এর বদলী জনিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠান গত ১১ ডিসেম্বর ২০২২ খ্রি. রবিবার ডিপিডিসি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় । উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান।



*সাবেক নির্বাহী পরিচালক (এডমিন এন্ড এইচ আর) মোঃ শাহরিয়াজ এর বিদায় জনিত সংবর্ধনা*

## ডিপিডিসি'র বিভিন্ন এলাকায় জনসচেতনতার লক্ষে গণশুনানী




*এনওসিএস খিলগাঁও দপ্তরের গণশুনানী অনুষ্ঠিত*



*এনওসিএস স্বামীবাগ দপ্তরের গণশুনানী অনুষ্ঠিত*

**এনওসিএস খিলগাঁও:** গত ১৫.১২.২০২২ খ্রি. তারিখে প্রধান প্রকৌশলী (অতিঃ দায়িত্ব), এনওসিএস (উত্তর) আবু হেনা মোস্তফা কামাল এর উপস্থিতিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক গনশুনানীর আয়োজন করা হয়। উক্ত গনশুনানীতে অত্র দপ্তরের কার্যক্রমকে কিভাবে আরো গতিশীল এবং বেগবান করা যায় সেজন্য গ্রাহকদের সঙ্গে মতবিনিময় করা হয়। এছাড়াও ভবিষ্যতে গ্রাহক হয়রানি যেন না হয় সেজন্য তৃতীয় মাধ্যম ব্যতীত সরাসরি ডিপিডিসি'র কর্মকর্তাদের সাথে যোগাযোগ করার জন্য গ্রাহকদের পরামর্শ প্রদান করা হয়।

**এনওসিএস স্বামীবাগ:** গত ২১.১২.২০২২ খ্রি. তারিখ এনওসিএস স্বামীবাগ দপ্তরে প্রধান প্রকৌশলী এনওসিএস সেন্ট্রাল মহোদয়ের উপস্থিতিতে ডিপিডিসি'র ডিজিটাল সেবার মধ্যে অনলাইনে নতুন সংযোগ, হট লাইনে (১৬১১৬) গ্রাহক অভিযোগ, প্রি পেইড সংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধান বিষয়ে উপস্থিত গ্রাহকদের প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করা হয়। পাশাপাশি গ্রাহকগণের অন্যান্য বক্তব্য/ অভিযোগ বিষয়ে মতবিনিময় করা হয়।

● ৩য় পৃষ্ঠার পর, **পুরাতন মালামাল ব্যবহার করে বিদ্যুৎ:** কামরাঙ্গীরচর এলাকায় প্রায় ৮৪,০০০ (চুরাশি হাজার) ক্ষুদ্র বাণিজ্যিক ও আবাসিক গ্রাহক রয়েছে এবং বর্তমানে উক্ত এলাকার বিদ্যুৎ চাহিদা প্রায় ৮০ মেগাওয়াট। যাদের বিদ্যুৎ চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। আসন্ন গ্রীষ্ম মৌসুমে বিদ্যমান উপকেন্দ্রের মাধ্যমে উক্ত এলাকায় চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে না। যার ফলে লোডশেডিংয়ের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা হতো। বর্ণিত কামরাঙ্গীরচর-২ (কুড়ারঘাট) ৩৩/১১ কেভি ২x ১০/১৪ এমভিএ উপকেন্দ্রটি ডিপিডিসি'র নিজস্ব কারিগরি জ্ঞানের মাধ্যমে জরুরী ভিত্তিতে নির্মাণের ফলে আগামী গ্রীষ্ম মৌসুমে কামরাঙ্গীরচর এলাকায় সম্মানিত গ্রাহকগণকে লোডশেডিং মুক্ত বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে।

# গ্রাহক সেবা বৃদ্ধিতে আধুনিক স্ক্যাডা সেন্টার নির্মাণ করছে ডিপিডিসি



*ডিপিডিসি'র জিটুজি প্রকল্প পরিদর্শনে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ, এমপি ও অন্যান্যরা*

ভবিষ্যতের চাহিদা মাথায় রেখে ঢাকা ও পার্শ্ববর্তী এলাকায় শক্তিশালী ও অত্যাধুনিক বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নিশ্চিতকল্পে ডিপিডিসি জিটুজি প্রকল্পের আওতায় আধুনিক স্ক্যাডা সেন্টার নির্মাণ করছে। যা নিশ্চিত করবে মানসম্মত ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ, গতিশীল করবে মেগাসিটি ঢাকার অর্থনৈতিক সমৃদ্ধি। এছাড়াও ঢাকার হাতিরপুলে শুরু হয়েছে বহুল প্রত্যাশিত 'ধানমন্ডি টুইন টাওয়ার' তৈরির কাজ। এখানে উচ্চ ক্ষমতা সম্পন্ন সাবস্টেশন, অত্যাধুনিক স্ক্যাডা সিস্টেমের পাশাপাশি থাকবে উন্মুক্ত পার্ক, বাণিজ্যিক স্পেস, ডিজিটাল মিউজিয়াম, প্রশিক্ষণ কেন্দ্র, সিনেপ্লেক্স ইত্যাদি।

স্ক্যাডা হচ্ছে এমন একটি সফটওয়্যার সিস্টেম, যেখানে তথ্য সংগ্রহ এবং নিয়ন্ত্রণের ক্ষমতা রয়েছে। শুধু বিদ্যুৎ নয়, গ্যাসেও স্ক্যাডা সিস্টেম ব্যবহার করে নিয়ন্ত্রণ করা যায়। এখন বড় বড় শিল্প-কলকারখানায়ও স্ক্যাডা ব্যবহার হচ্ছে।

স্ক্যাডা সিস্টেমটি জাতীয় পাওয়ার গ্রিডের সঙ্গে সংযুক্ত থাকবে। অপরদিকে সাবস্টেশনগুলোতে অন্তর্ভুক্ত আছে অত্যাধুনিক অটোমেশন ও কমিউনিকেশন সিস্টেম, যা অপটিক্যাল ফাইবারের মাধ্যমে সেন্ট্রাল স্ক্যাডা সিস্টেমের সঙ্গে সংযুক্ত থাকবে। ফলে অল্প সময়ের মধ্যে ত্রুটি শনাক্তকরণ ও বিদ্যুৎ ব্যবস্থা রিস্টোর করা সম্ভব হবে। ফলে উন্নত বিশ্বের অনুরূপ ডিপিডিসি এলাকার বিদ্যুৎ ব্যবস্থা অটোমেশনের আওতায় আসবে, যা ডিজিটাল বাংলাদেশ গড়ার অন্যতম মাইলফলক হবে বলেও আশা করা যায়।

এ বিষয়ে ডিপিডিসির ব্যবস্থাপনা পরিচালক বিকাশ দেওয়ান বলেন, স্ক্যাডা স্থাপনের ফলে বিদ্যুৎ রিস্টোরেশন দ্রুত হবে। পাশাপাশি গ্রাহকরা অনেক সময় বিদ্যুতের সমস্যা হলে ফোন করে অভিযোগ জানান। অভিযোগের ভিত্তিতে টিম গিয়ে সমস্যা খুঁজে বের করে তা সমাধান করে। স্ক্যাডা স্থাপনের ফলে এই সমস্যা দ্রুত খুঁজে বের করে সমাধান করা সম্ভব হবে। ফলে আমাদের গ্রাহক সেবার মান বৃদ্ধি পাবে কয়েকগুণ বেশি।

চীনের জিটুজি (সরকার টু সরকার) প্রকল্পের ঋণে এই স্ক্যাডা সিস্টেম করা হচ্ছে। বর্তমানে স্ক্যাডা সিস্টেম থাকলেও সেটি অত্যাধুনিক নয়। তবে সেবার মান বাড়াতে আধুনিক স্ক্যাডা সিস্টেম থাকাটা জরুরি বলে মনে করা হচ্ছে।

প্রকল্পটির আওতায় নতুন ১৪টি ১৩২/৩৩ কেভি ও ২৬টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ করা হবে এবং বিদ্যমান ৮টি ১৩২/৩৩ কেভি ও ৪টি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি করা হবে। ঢাকা শহরের ভূমির দুষ্প্রাপ্যতা বিবেচনায় আধুনিক এবং উচ্চ ক্ষমতাসম্পন্ন ৩৫/৫০ এমভিএ ৩৩/১১ কেভি পাওয়ার ট্রান্সফরমার স্থাপন করা হচ্ছে। উল্লেখ্য, এ ধরনের পাওয়ার ট্রান্সফরমার বাংলাদেশে এই প্রথম ডিপিডিসি কর্তৃক স্থাপন করা হচ্ছে।

প্রকল্পের আওতায় মোট ৬৫৩ কি. মি. ১৩২ কেভি, ৭০০ কি. মি. ৩৩ কেভি এবং ৫৬৭ কি. মি./ ১১ কেভি, আন্ডারগ্রাউন্ড ক্যাবল স্থাপন করা হবে। অপটিক্যাল ফাইবারসহ ভূ-গর্ভস্থ ক্যাবল নেটওয়ার্ক নির্মাণ করা হবে। এতে ডিপিডিসি এলাকার বিদ্যুৎ ব্যবস্থার নির্ভরযোগ্যতা বাড়বে।

# ১৩২ কেভি সঞ্চালন লাইন স্থানান্তরের চুক্তি স্বাক্ষর




*হরিপুর-মানিকনগর ১৩২ কেভি সঞ্চালন লাইন স্থানান্তরের চুক্তি স্বাক্ষর*

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) ও কনফিডেন্স ইনফ্রাস্ট্রাকচার লিমিটেডের মধ্যে "ঢাকা-সিলেট চার লেন হাইওয়ে প্রজেক্ট" এর জন্য কাঁচপুর ব্রিজ হতে তারাবো পর্যন্ত হরিপুর-মানিকনগর ১৩২ কেভি সঞ্চালন লাইন স্থানান্তরের নিমিত্ত ১০ জানুয়ারি ২০২৩ তারিখে ডিপিডিসি'র সম্মেলন কক্ষে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিতে ডিপিডিসি'র পক্ষে স্বাক্ষর করেন কোম্পানি সচিব (উপসচিব) মোঃ আসাদুজ্জামান ও কনফিডেন্স ইনফ্রাস্ট্রাকচার লিমিটেডের পক্ষে নির্বাহী পরিচালক মোঃ শহিদুল ইসলাম। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান-সহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# মেধাবী মুখ

## ২০২৩ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ডিপিডিসি'র এমপ্লয়িগণের সন্তানদের সাফল্য



**সানজানা সায়ন্তী,** ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশিক্ষণ ও উন্নয়ন, জনাব মোঃ মহিউল আলম এর কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে সানজানা সায়ন্তী-কে অভিনন্দন।





**তাসফিয়া আনজুম,** ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ থেকে মাধ্যমিক পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন। তিনি ডিপিডিসি'র উপ-ব্যবস্থাপক (এইচ আর) মিয়া জনাব মোঃ আজহারুল আলম এর কন্যা। ডিপিডিসি পরিবারের পক্ষ হতে তাসফিয়া আনজুম-কে অভিনন্দন।

## ডিপিডিসি'র কোম্পানি সচিবালয় এর আওতাধীন স্পেশাল টাস্কফোর্স এর প্রতিবেদন


**সময়কাল: অক্টোবর ২০২২ থেকে ডিসেম্বর ২০২২**

| | |
|---|---|
| অভিযান সংখ্যা | ১৫ টি |
| সংযোগ বিচ্ছিন্ন | ১৪ টি |
| উদ্ঘাটিত বিদ্যুৎ চুরি | ০৫ লক্ষ ৯৯ হাজার ইউনিট |
| ধার্যকৃত পেনাল বিল | ০২ কোটি ৪ লক্ষ টাকা |
| আদায়কৃত পেনাল বিল | ৮৩ লক্ষ টাকা |
| মালামাল জব্দ | ১৯ টি বৈদ্যুতিক মিটার, গ্রাহকের সার্ভিস তার এবং বাইপাসে ব্যবহৃত তার। |




### অক্টোবর ২০২২ থেকে ডিসেম্বর ২০২২ পর্যন্ত অভিযান সমূহের উল্লেখযোগ্য সাফল্য :

- ধানমন্ডি দপ্তরের গ্রাহক নাদির খান এর আবাসিক স্থাপনায় ৭.১১ লক্ষ টাকার পেনাল বিল।
- তেজগাঁও দপ্তরের গ্রাহক মোঃ শফিকুল ইসলাম এর আবাসিক স্থাপনায় ৮.৪৯ লক্ষ টাকার পেনাল বিল।
- কামরাঙ্গীরচর দপ্তরের গ্রাহক আবুল হাসেম বেপারী এর অটোরিক্সা গ্যারেজে ৭.৩০ লক্ষ টাকার পেনাল বিল।
- মগবাজার দপ্তরের গ্রাহক মোঃ বদরুল আলম এর আবাসিক স্থাপনায় ১১.৮৫ লক্ষ টাকার পেনাল বিল।
- ধানমন্ডি দপ্তরের গ্রাহক আক্তারুজ্জামান এর আবাসিক স্থাপনায় ৮.১২ লক্ষ টাকার পেনাল বিল।



**ডিপিডিসি'র বিভিন্ন অনুষ্ঠানের খবর ও ছবি নিয়মিতভাবে 'ডিপিডিসি বুলেটিন'-এ প্রকাশিত হচ্ছে। ভবিষ্যতে অনুষ্ঠিতব্য গুরুত্বপূর্ণ অনুষ্ঠানের সংবাদ ডিপিডিসি বুলেটিন-এ প্রকাশের জন্য অনুষ্ঠানের খবর ও ছবি ডিজিএম (পাবলিক রিলেশন্স) দপ্তরে হার্ডকপি এবং সফ্টকপি নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।**




**dgmhrpr@dpdc.org.bd**

### ডিপিডিসি বিজ্ঞপ্তি

বিদ্যুৎ সংযোগের জন্য সরকারি ফি ব্যতিত বাড়তি টাকার প্রয়োজন নেই। ডিপিডিসির কোন এমপ্লয়ি অতিরিক্ত টাকা দাবি করলে সরাসরি অভিযোগ করুন।

বিদ্যুৎ সংযোগ কিংবা সেবা গ্রহণে অযথা কোন মধ্যস্বত্বভোগী কিংবা দালালের আশ্রয় গ্রহণ করবেন না।

| | |
|---|---|
| কোম্পানি সচিব | : ০১৭৩০ ৩৩৫০২৬ |
| প্রধান প্রকৌশলী (সেন্ট্রাল) | : ০১৭৩০ ৩৩৫১৭৮ |
| প্রধান প্রকৌশলী (নর্থ) | : ০১৭৩০ ৩৩৫১৯৪ |
| প্রধান প্রকৌশলী (সাউথ) | : ০১৭৩০ ৩৩৫১৭২ |
| ডিজিএম, পাবলিক রিলেশনস | : ০১৭৩০ ৩৩৫২১৮ |

# দিনব্যাপী ডিপিডিসি'র ডিজিটাল কার্যক্রম প্রদর্শনী




*"প্রগতিশীল প্রযুক্তি, অর্ন্তভুক্তিমূলক উন্নতি" এ স্লোগানকে সামনে রেখে ডিপিডিসি'তে 'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ উদযাপন*

ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২২ উপলক্ষে ডিপিডিসি'র উদ্যোগে বিদ্যুৎ ভবনের বিজয় হলে (লেভেল ১৪) ডিপিডিসি'র বিভিন্ন ডিজিটাল সার্ভিসের উপর দিনব্যাপী প্রদর্শনী আয়োজন করা হয়। সরকারি সেবা জনগণের দোরগোড়ায় পৌছে দেয়ার লক্ষ্যে 'প্রগতিশীল প্রযুক্তি, অন্তর্ভুক্তিমূলক উন্নতি' স্লোগানকে সামনে রেখে ডিপিডিসি ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ উদযাপন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ ও চেয়ারম্যান, ডিপিডিসি পরিচালনা পর্ষদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার, উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও পরিচালক, ডিপিডিসি পরিচালনা পর্ষদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেছেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান।

প্রধান অতিথি তার বক্তব্যে ডিপিডিসি'র প্রদর্শনীর প্রশংসা করে বলেন, বিদ্যুৎ বিতরণকারী সংস্থাগুলোর মধ্যে অগ্রগামী প্রতিষ্ঠান হিসেবে ডিপিডিসি ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নেতৃত্ব দিবে এবং অন্যদের পথ দেখাবে। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের মাধ্যমে সরাসরি গ্রাহকের সাথে সম্পর্ক জোরদার হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের জন্য ডিপিডিসি প্রতিনিয়ত বিদ্যুৎ ব্যবস্থার আধুনিকায়ন, গ্রাহকসেবার উৎকর্ষতা ও অভ্যন্তরীণ ব্যবস্থাপনার উন্নয়নে কাজ করে যাচ্ছে বলে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান তার বক্তব্যে তুলে ধরেন।

ডিজিটাল বাংলাদেশ দিবস পালনের অংশ হিসেবে ডিপিডিসি'র সকল স্তরের এমপ্লয়ীদের আইসিটি এবং অটোমেশন বিষয়ে সম্পৃক্ত করা এবং প্রতিযোগিতার মনোভাব গড়ে তোলার জন্য ০৮ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখে একটি অনলাইন কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। ডিপিডিসি'র সকল কর্মকর্তা ও স্টাফবৃন্দ উক্ত অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। উক্ত কুইজ প্রতিযোগিতায় 'ক' ক্যাটাগরিতে মোহাম্মদ সাহেদ বিশ্বাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মিটারিং; 'খ' ক্যাটাগরিতে তাসনুভা বিনতে আনোয়ার, উপ-বিভাগীয় প্রকৌশলী, ডিজাইন; এবং 'গ' ক্যাটাগরিতে যৌথভাবে মোঃ আব্দুল গাফফার চৌধুরী, লাইনম্যান-মেট, এনওসিএস ধানমন্ডি এবং মোঃ শিমুল ইসলাম, কমপ্লেইন সুপারভাইজার, এনওসিএস শীতলক্ষ্যা বিজয়ী হয়েছেন। প্রধান অতিথি কুইজ প্রতিযাগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করেন।

এছাড়াও ডিপিডিসি'র আইসিটি দপ্তরের কর্মরতদের মধ্য থেকে নির্বাচিত সেরা আইসিটি কর্মকর্তা মোঃ তানভীর আহমেদ, এসিস্ট্যান্ট ম্যানেজার এবং বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ উপলক্ষ্যে আয়োজিত কুইজ প্রতিযোগিতায় বিজয়ী ডিপিডিসি'র জুনিয়র এসিস্ট্যান্ট ম্যানেজার নিলয় রঞ্জন দেব তীর্থ কে পুরস্কার প্রদান করা হয়।

অনুষ্ঠানস্থলে বিদ্যুৎ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন সংস্থা প্রধানগণ, দোকান মালিক সমিতির নেতৃবৃন্দ, সম্মানিত গ্রাহকবৃন্দ, ডিপিডিসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সাংবাদিকবৃন্দ এবং অনলাইন ও ফেসবুক লাইভের মাধ্যমে ডিপিডিসি'র সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী ও অন্যান্যরা উপস্থিত ছিলেন।



*বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ*

## ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস

১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর পক্ষ থেকে বিদ্যুৎ ভবনে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্প স্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয়।

## স্মার্ট বাংলাদেশ গড়তে বিদ্যুৎ ব্যবস্থাপনা স্মার্ট হতে হবে: বিদ্যুৎ প্রতিমন্ত্রী




*ডিপিডিসি'র স্মার্ট গ্রীড-এর পাইলট প্রকল্প' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি বিদ্যুৎ প্রতিমন্ত্রী'কে ফুল দিয়ে শুভেচ্ছা জনান ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলি বিকাশ দেওয়ান*

বিদ্যুৎ , জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, স্মার্ট বাংলাদেশ গড়তে বিদ্যুৎ ব্যবস্থাপনা স্মার্ট হতে হবে। মানব সম্পদ উন্নয়ন ও প্রযুক্তিবান্ধব জনগোষ্ঠীই স্মার্ট বাংলাদেশ গড়ার নেপথ্যে কাজ করবে।

প্রতিমন্ত্রী গত ০১.০১.২০২৩ খ্রি. তারিখে বিদ্যুৎ ভবনে 'ডিপিডিসি'র স্মার্ট গ্রীড-এর পাইলট প্রকল্প' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। তিনি বলেন, সাধারণ মানুষ প্রযুক্তি নির্ভর হতে সময় নেয়। তাদেরকে উদ্বুদ্ধ করে আধুনিক করতে হবে। পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বিশাল এলাকা দ্রুত আধুনিকায়নের আওতায় আনা উচিত। বিভিন্ন দপ্তরের কার্যক্রম সমন্বয় করে সমন্বিতভাবে প্রযুক্তিবান্ধব পরিকল্পনা গ্রহণ করা আবশ্যক। এ সময় তিনি 'স্মার্ট গ্রীড' নীতিমালা তৈরীর উপর গুরুত্বারোপ করেন।

পাইলট প্রকল্পের আওতায় উপকেন্দ্র নির্মাণ ও প্রসার, ক্যাপাসিটর ব্যাংক স্থাপন ও পাওয়ার সিস্টেম স্মার্ট গ্রীড প্রবর্তন হবে। সমন্বিত স্মার্ট গ্রীডে থাকবে সমন্বিত যোগাযোগ ব্যবস্থাসমূহ (Integrated Comunication Systems), এ্যাডভান্স সেন্সিং উইথ আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স (Advanced Sensing with AI), এ্যাডভান্স মিটারিং অবকাঠামো (AMI), পরিমাপ অবকাঠামো (Measurement Infrasturcture), সিদ্ধান্ত গ্রহণে সহায়তা (Comprehensive decision support), সিস্টেম ব্যবহারে সহায়তা (Easy to use System Interfaces)। প্রাথমিকভাবে সাতমসজিদ রোড, লালমাটিয়া, আসাদগেট ও ঝিগাতলায় এই সুযোগ থাকবে। পর্যায়ক্রমে এর ব্যাপ্তি বাড়ানো হবে। উক্ত অনুষ্ঠানে NKSOFT Corporation, USA-এর ব্যবস্থাপনা পরিচালক সাখাওয়াত জন চৌধুরী স্মার্ট গ্রীড কীভাবে কাজ করবে-তার উপর একটি ডিজিটাল প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান-এর সভাপতিত্বে অন্যান্যের মাঝে গ্লোবাল ব্র্যান্ড কমিউনিকেশন, ইউএসএ-এর পরিচালক ফারজানা ইয়াসমিন আশা, ইউরোপীয়ান ইউনিয়নের মিনিস্টার কন্সুলার এন্ড হেড অব কো-অপারেশন মাওরিজিও ক্যাইন (Maurizio Cian) বক্তব্য রাখেন।

## ডিপিডিসি'র ১৭ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)-এর ১৭ তম বার্ষিক সাধারণ সভা ১৬.০১.২০২৩ খ্রি. রোজ সোমবার রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় সভাপতিত্ব করেন ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও বিদ্যুৎ বিভাগের সচিব মোঃ হাবিবুর রহমান।

উক্ত বার্ষিক সাধারণ সভায় ২০২১-২০২২ অর্থ বৎসরের লাভ ক্ষতির হিসাব, স্থিতিপত্র ২০২১-২০২২ অর্থ বৎসরের বহিঃনিরীক্ষা প্রতিবেদন ও পরিচালকবৃন্দের প্রতিবেদন উপস্থাপন এবং অনুমোদন করা হয়।

এছাড়াও সভায় আগামী ৩০ জুন, ২০২৩ খ্রি. তারিখে সমাপ্ত অর্থ বৎসরের জন্য (পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত) কোম্পানির বহিঃনিরীক্ষক নিয়োগ ও পারিতোষিক নির্ধারণ করা হয় এবং কোম্পানির অবসর গ্রহণকারী পরিচালকবৃন্দের স্থলে পরিচালক নির্বাচন / পুনঃনির্বাচন করা হয়।

২০২১-২০২২ অর্থবছরে ডিপিডিসি'র কর পরবর্তী নীট মুনাফা ১৬৬.৩৬ কোটি হওয়ায় শেয়ারহোল্ডার ও পরিচালকবৃন্দ সন্তোষ প্রকাশ করেন। সভায় ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ, শেয়ারহোল্ডারগণ এবং ডিপিডিসি'র ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




*ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)-এর ১৭ তম বার্ষিক সাধারণ সভা*

**সম্পাদক : শামীমুল হক শামীম**, উপ-মহাব্যবস্থাপক, পাবলিক রিলেশন্স, ডিপিডিসি
**সহ-সম্পাদক : ইসতিয়াক আহমেদ**, এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি, **মোঃ মাজহারুল ইসলাম**, জুনিয়র এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি, আলোকচিত্র: **কে এম দুলাল**, **গ্রাফিক্স ডিজাইন : সাকিবুল বাশার**।
ফোন : ৯৫১৩৮৯৪, ৯৫১৪৯৪৯, Website: www.dpdc.gov.bd, E-mail : dgmhrpr@dpdc.org.bd, ডিপিডিসি'র জনসংযোগ দপ্তর, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।